

Hajimete datta kara,
bikkuri-shimashita

আমার প্রথম অভিজ্ঞতা ছিল বলে অবাক হয়েছি



আজকের ফ্রিট

ミーヤー： あ、揺れてる。

আরে, মেঝে তো কাঁপছে

মি ইয়া

A, yureteru.

タム： 地震! 助けて!

ভূমিকম্প! বাঁচাও!

তাম

Jishin! Tasu¹kete!

はる： 落ち着いてください。

শান্ত হোনা

হারু

Ochitsuite kudasa¹i.

だいじょうぶ

大丈夫ですよ。

কোন অসুবিধা নেই

Daijo¹obu de¹su yo.

ミーヤー： ほら、もうおさまった。

দেখুন, এরই মধ্যে কমে গেছে

মি ইয়া

Ho¹ra, mo¹o osama¹tta.

タム： 初めてだったから、

ভূমিকম্পের প্রথম অভিজ্ঞতা ছিল তো,
তাই ঘাবড়ে গিয়েছিলাম

তাম

Haji¹mete da¹ttā kara,

びっくりしました。

bikku¹ri-shima¹shita.

শব্দার্থ

揺れる কাঁপা, বাঁকি খাওয়া

yureru

地震 ভূমিকম্প

jishin

助ける সাহায্য করা, বাঁচানো

tasuke¹ru

落ち着く শান্ত হওয়া

ochitsuku

ほら এই যে, দেখুন

ho¹ra

もう এরই মধ্যে, ইতোমধ্যে

mo¹o

おさまる স্তিমিত হওয়া, কমে যাওয়া

osama¹ru

初めて প্রথমবার

haji¹mete

びっくりする

অবাক হওয়া, ঘাবড়ে যাওয়া

bikku¹ri-suru

মূল বাক্য

はじめてだったから、びっくりしました。

Haji'mete da'tta kara, bikku'ri-shima'shita.

প্রথমবার ছিল বলে অবাক হয়েছি

কারণ ব্যাখ্যা করতে জাপানিতে “কারা” শব্দটি ব্যবহার করুন, যার অর্থ “বলে, বিধায়, কারণে”। এক্ষেত্রে বাক্যরীতি হচ্ছে, “[বাক্য 1] কারা, [বাক্য 2]”, যেখানে প্রথম বাক্যটি দিয়ে কারণ বোঝায়। প্রথম বাক্যে নৈমিত্তিক রীতি ব্যবহার করা হলে বেশি সাবলীল শোনায়। মনে রাখবেন, নৈমিত্তিক ভঙ্গির বাক্যে “দেস্” অথবা “মাস্” ব্যবহার করা হয় না। (দেখুন পৃষ্ঠা 152-153)

আসুন চর্চা করি!

その映画、面白かったですか。

Sono eega, omoshiro'katta de'su ka.

話が難しかったですから、よくわかりませんでした。

Hanashi' ga muzukashi'katta kara, yo'ku wakarimase'ndeshita.

ঐ চলচ্চিত্রটি কি ইন্টারেস্টিং ছিল?

কাহিনি জটিল ছিল বলে আমি ভালো করে বুঝতে পারিনি।

এটাও চেষ্টা করি!

[বাক্য 1] から、[বাক্য 2]。 [বাক্য 1] -র কারণে/বলে, [বাক্য 2]

[বাক্য 1] kara, [বাক্য 2].

① 雨だった
a'ime da'tta
বৃষ্টি হচ্ছিল行きませんでした
ikimase'ndeshita
যাইনি② 暑かった
atsu'katta
গরম ছিল疲れました
tsukarema'shita
পরিশ্রান্ত হয়ে
পড়েছিলাম

বোনাস বাক্য

助けて!

Tasu'ketel!

সাহায্য করুন!

এটা হচ্ছে “তাস্কেরু” বা “সাহায্য করা” ক্রিয়াটির তে-রুপা। জরুরী পরিস্থিতিতে, যেমন অসুস্থ হয়ে পড়লে, আহত হলে, বা দুর্ঘটনার শিকার হলে কারো সাহায্য চাইতে এটি বলা হয়।



হারু-সানের পরামর্শের কুলি

ভূমিকম্প হলে করণীয়

ভূমিকম্পের সময় আপনি যদি কোন ভূমিকম্প-রোধী ভবনে অবস্থান করেন, তাহলে বাইরে বের হবেন না। বরং ভেতরেই কোন নিরাপদ স্থান খুঁজুন। যদি খুব জোরে জোরে দুলতে থাকে, তাহলে কম্পন না কমা পর্যন্ত অপেক্ষা করুন এবং তার পর সাবধানে বের হওয়ার চেষ্টা করুন। ভেতরে বাইরে যেখানেই থাকুন না কেন, সব ক্ষেত্রে আপনার মাথাকে সুরক্ষিত রাখুন। আপনার মাথার কিছুটা উপরে কোন কুশন, বই অথবা ব্যাগ ধরে রাখুন। কোন টেবিলের নিচে লুকিয়েও নিজেকে কার্যকরভাবে সুরক্ষা দেওয়া যায়। সেক্ষেত্রে টেবিলের পাগুলোর উপরের অংশ ধরে রাখুন।



আফটারশক বা ভূমিকম্প পরবর্তী কম্পনের ব্যাপারেও সতর্ক থাকুন। উপকূলীয় এলাকার কাছাকাছি আপনি অবস্থান করলে সম্ভাব্য ৎসুনাটির আঘাত থেকে বাঁচতে দ্রুত কোন উঁচু এলাকায় চলে যান।

উত্তর

① 雨だったから、いきませんでした。

A'ime da'tta kara, ikimase'ndeshita.

② 暑かったから、疲れました。

Atsu'katta kara, tsukarema'shita.